গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
www.lawjusticediv.gov.bd

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.৩০৮.২৫.১৫৭

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২
১৫ ডিসেম্বর ২০২৫

প্রেরক : মুহাম্মদ ওমর ফারুক
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের মেরামত ও সংরক্ষণ সংক্রান্ত ০২ (দুই)টি প্রাক্কলনের বিপরীতে বরাদ্দকৃত অর্থ প্রত্যাহার ও প্রশাসনিক অনুমোদন বাতিলপূর্বক সংশোধিত প্রাক্কলনের প্রশাসনিক অনুমোদন ও অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২৬ অর্থবছরের "১২১০১০১১০৪৪১৯-সচিবালয়", আইন ও বিচার বিভাগের বাজেটে '৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা' মেরামত ও সংরক্ষণ খাত হতে ইতোপূর্বে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের বাইরের ডাক্টসমূহ পুনঃনির্মাণ, স্যানিটারীর পাইপ ও ফিটিংস পরিবর্তনসহ বাহিরের রংকরণ কাজের জন্য বরাদ্দকৃত ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এবং বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ভিতরের খালি অংশের ডাক্টসমূহ পুনঃনির্মাণ এবং স্যানিটারীর পাইপ ও ফিটিংস পরিবর্তনসহ রংকরণ কাজের জন্য বরাদ্দকৃত ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা সর্বমোট ১,৭৫,০০,০০০/- (এক কোটি পঁচাত্তর লক্ষ) টাকা প্রত্যাহারসহ উল্লিখিত কাজ ০২ (দুই)টির প্রশাসনিক অনুমোদন বাতিলপূর্বক বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর চাহিদার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রাক্কলনের বিপরীতে প্রশাসনিক অনুমোদন ও অর্থ ব্যয়ের অনুমতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | প্রাক্কলিত কাজের বিবরণ | প্রাক্কলিত টাকা | ছাড়কৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের বাইরের ডাক্টসমূহ পুনঃনির্মাণ এবং স্যানিটারী পাইপ ও ফিটিংস পরিবর্তন এবং দশম তলার অফিসার্স ডরমেটরির ১১ টি ওয়াশরুমের টাইলস, স্যানিটারী ফিটিংস ও ফিক্সার পরিবর্তনসহ বাহিরের রংকরণ কাজ। | ২,৭৪,৯৪,৩১৭/- | ১,৫০,০০,০০০/- |
| ২. | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ভিতরের খালি অংশের ডাক্টসমূহ পুনঃনির্মাণ এবং স্যানিটারী পাইপ ও ফিটিংস পরিবর্তনসহ রংকরণ কাজ। | ৫৭,৮২,১৮৪/- | ২৫,০০,০০০/- |

সর্বমোট ছাড়কৃত অর্থ: ১,৭৫,০০,০০০/- (এক কোটি পঁচাত্তর লক্ষ) টাকা।

শর্তসমূহ:

(ক) এ অর্থ অনুমোদিত খাত ব্যতীত অন্য কোন খাতে/উদ্দেশ্যে ব্যয় করা যাবে না;

(খ) উক্ত অর্থ ব্যয়ে **Public Procurement Act, 2006** (সর্বশেষ সংশোধনীসহ) এবং **Public Procurement Rules, 2025** যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(গ) উল্লিখিত কাজ সম্পাদন শেষে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং

(ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-কে অথরিটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ-

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৭৬৫(অঃ)।

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.৩০৮.২৫.৯৫৭ তারিখ: ১৫/১২/২০২৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ১৫, আব্দুল গণি রোড, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫/১২/২৫

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব